

বেসরকারি শিক্ষকদের বোনাস দেয়া হোক

বেসরকারি শিক্ষকরা দু-এক মাস গত না হলে এক মাসের বেতন পান না। সরকারি চাকুরেবা দুটো ঈদ-বোনাস পেলেও বেসরকারি শিক্ষক ও কর্মচারীরা দুটো তো দুবের কথা একটাও পান না। তবে অষ্টম সংসদ নির্বাচনের পূর্বে চারদলীয় জোটনেত্রী বর্তমানের প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন তিনি কর্মতাসীন হলে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের দাবি একশ ভাগ বেতন এবং একটি ঈদ বোনাস দেবেন। এই হুঁশ্বর্ণাব পবিত্রপ্রকৃতিতে বেসরকারি শিক্ষকরা আশায় বুক বেঁধেছেন এবং নির্বাচনে বিজয়েব জানা চারদলীয় জোটের পক্ষে কাজ করেছেন। শিক্ষকেরাে বৈধমা দুব কবাব লক্ষ্যে প্রথমিক পদক্ষেপ হিসাবে কোরবানি ঈদের কমপক্ষে দশদিন আগেই নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য একশ ভাগ বেতন ও একটি ঈদ বোনাস বেসরকারি শিক্ষকরা আশা করে, যাতে তারা ঈ-সন্তানসহ ঈদের বাজার, কোরবানির পণ্ড ক্রয় করে খুশি হলে ঈদ উদযাপন কবতে পারে। তাই বর্তমান প্রধানমন্ত্রীৰ দিতে আশায় থাকিয়ে আছে পাঁচ লক্ষাধিক বেসরকারি শিক্ষক-কর্মচারী ঈদের খুশি থেকে যেন তাদের বঞ্চিত করা না হয়।

মোঃ নূরুন্নবী

সহঃ অধ্যাপক প্রশ্নবিদ্যা, পাকুটিয়া বিসিআরজি তিম্রি কলেজ, নাগরপুর, টাঙ্গাইল।

